

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা ম্যাজিস্ট্রেটের কার্যালয়  
জয়পুরহাট  
(জুডিশিয়াল মুন্সিখানা)  
[www.joypurhat.gov.bd](http://www.joypurhat.gov.bd)



গণবিজ্ঞপ্তি

আগামী ০৫ জানুয়ারি ২০২২ তারিখে অনুষ্ঠিতব্য জয়পুরহাট জেলার পাঁচবিবি উপজেলার ০৫ টি (আটাপুর, আয়মারসুলপুর, বাগজানা, ধরঞ্জি ও মোহাম্মদপুর) ইউনিয়নে ভোটগ্রহণ অবাধ, সুষ্ঠু, নিরপেক্ষ ও শান্তিপূর্ণভাবে অনুষ্ঠানের লক্ষ্যে সড়ক পরিবহন আইন, ২০১৮ এর ৩২ ধারা মোতাবেক আমি মোঃ শরীফুল ইসলাম, জেলা ম্যাজিস্ট্রেট, জয়পুরহাট আগামী ০৪ জানুয়ারি ২০২২ তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০ টা হতে ০৫ জানুয়ারি ২০২২ তারিখ মধ্যরাত ১২:০০ টা পর্যন্ত নিম্নোক্ত যানবাহন চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করলাম।

(১) ট্রাক

(২) পিক আপ

২. সে সাথে ০৩ জানুয়ারি ২০২২ তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০ টা হতে ০৬ জানুয়ারি ২০২২ তারিখ সকাল ৬.০০ টা পর্যন্ত মোটর সাইকেল চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করলাম।

৩. এ নিষেধাজ্ঞা রিটার্নিং অফিসারের অনুমতি সাপেক্ষে প্রতিদ্বন্দ্বী প্রার্থী/তীদের নির্বাচনী এজেন্ট, দেশী/বিদেশী পর্যবেক্ষকদের (পরিচয়পত্র থাকতে হবে) ক্ষেত্রে শিথিলযোগ্য। তাছাড়া নির্বাচনের সংবাদ সংগ্রহের কাজে নিয়োজিত দেশী/বিদেশী সাংবাদিক (পরিচয়পত্র থাকতে হবে) নির্বাচনের কাজে নিয়োজিত কর্মকর্তা-কর্মচারী, আইন-শৃংখলা রক্ষাকারী বাহিনীর সদস্য, নির্বাচনের বৈধ পরিদর্শক এবং কতিপয় জরুরী কাজ যেমন এ্যাম্বুলেন্স, ফায়ার সার্ভিস, বিদ্যুৎ, গ্যাস, ডাক, টেলিযোগাযোগ ইত্যাদি কার্যক্রমে ব্যবহারের জন্য উল্লিখিত যানবাহন চলাচলের ক্ষেত্রে উক্ত নিষেধাজ্ঞা প্রযোজ্য হবে না। এতদ্ব্যতীত, জরুরী পণ্য সরবরাহকারী এবং জাতীয় মহাসড়কে চলাচলকারী যানবাহনসমূহ এ নিষেধাজ্ঞার বাইরে থাকবে।

৪. উল্লিখিত নিষেধাজ্ঞাসমূহ অমান্যকারীদের বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

স্বাঃ  
(মোঃ শরীফুল ইসলাম)  
জেলা ম্যাজিস্ট্রেট  
জয়পুরহাট  
ফোন: ০৫৭১-৬২২০৮  
dcjoypurhat@mopa.gov.bd

নম্বর: ০৫.৪৩.৩৮০০.০২৬.৩৫.০০৪.২১- ১২৭৪

তারিখ: ১৫ পৌষ ১৪২৮  
৩০ ডিসেম্বর ২০২১

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

- ১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
- ২। সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, ঢাকা।
- ৩। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
- ৪। পুলিশ সুপার, জয়পুরহাট।
- ৫। উপপরিচালক, স্থানীয় সরকার, জয়পুরহাট।
- ৬। অধিনায়ক, ২০ বর্ডার গার্ড ব্যাটালিয়ন, জয়পুরহাট।
- ৭। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব)/অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, জয়পুরহাট।
- ৮। উপজেলা নির্বাহী অফিসার, পাঁচবিবি, জয়পুরহাট।
- ৯। কোম্পানী কমান্ডার, র্যাব-৫, জয়পুরহাট।
- ১০। জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, জয়পুরহাট।
- ১১। জেলা নির্বাচন অফিসার, জয়পুরহাট।
- ১২। জেলা তথ্য অফিসার, জয়পুরহাট (বিষয়টি বহুল প্রচারের ব্যবস্থা করবেন)।
- ১৩। উপজেলা নির্বাচন অফিসার, পাঁচবিবি, জয়পুরহাট।
- ১৪। সহকারী প্রোগ্রামার, জয়পুরহাট (ওয়েব পোর্টালে আপলোড এর জন্য)।

১৫/১২/২০২১  
জেলা ম্যাজিস্ট্রেট  
জয়পুরহাট